

বিম্‌সটেক প্রতিনিধি দলের বারি পরিদর্শন

■ গাজীপুর প্রতিনিধি

দক্ষিণ ও দক্ষিণ-পূর্ব এশিয়ার কয়েকটি দেশকে নিয়ে গঠিত আঞ্চলিক জোট বে অব বেঙ্গল ইনিশিয়েটিভ ফর মাল্টিসেক্টরাল, টেকনিকাল এন্ড ইকোনমিক কো-অপারেশন বা বিম্‌সটেক-এর ১২ সদস্যের একটি প্রতিনিধি দল বৃহস্পতিবার বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট (বারি) পরিদর্শন করেছেন।

থাইল্যান্ডের কৃষি এবং সমবায় মন্ত্রণালয়ের কৃষি অর্থনীতি অফিসের নীতি এবং পরিকল্পনা বিশ্লেষক পাসিনি নাপোমবেজরা-এর নেতৃত্বে প্রতিনিধি দলটিতে ভারত, ভুটান, মিয়ানমার, নেপাল, শ্রীলঙ্কা ও থাইল্যান্ডের প্রতিনিধিরা অংশগ্রহণ করেন। এছাড়াও প্রতিনিধি দলটির সঙ্গে পররাষ্ট্র মন্ত্রণালয় এবং বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিলের উচ্চ পর্যায়ের কর্মকর্তারা ছিলেন।

অতিথিবৃন্দ বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউটের সদর দপ্তরের সামনে এসে পৌঁছালে তাদের স্বাগত জানান ইনস্টিটিউটের পরিচালক (প্রশিক্ষণ ও যোগাযোগ) জেবুন নেছাসহ অন্য পরিচালকবৃন্দ এবং বিভাগীয় প্রধানগণ।

পরে অতিথিবৃন্দ ইনস্টিটিউটের মৃত্তিকা বিজ্ঞান ল্যাব, আইপিএম এবং টেক্সিকোলজি ল্যাব পরিদর্শন করেন। এরপর ইনস্টিটিউটের সেমিনার কক্ষে অনুষ্ঠিত সংক্ষিপ্ত অনুষ্ঠানে মাল্টিমিডিয়া প্রদর্শনের মাধ্যমে ইনস্টিটিউটের বিভিন্ন কার্যক্রম, অগ্রগতি ও সাফল্য তুলে ধরেন মহাপরিচালকের দপ্তরের প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা ড. দিলোয়ার আহমদ চৌধুরী। এ সময় অন্যান্যের মধ্যে উপস্থিত ছিলেন ইনস্টিটিউটের পরিচালক (তৈলবীজ) ড. মো. লুৎফর রহমান, পরিচালক (প্রশিক্ষণ ও যোগাযোগ) জেবুন নেছা, পরিচালক (কন্দাল ফসল কেন্দ্র) ড. এ কে এম শামছুল আলমসহ বিভিন্ন বিভাগের বিজ্ঞানী ও কর্মকর্তাবৃন্দ।

প্রতিনিধি দলটি ইনস্টিটিউটের বর্তমান কার্যক্রম, অগ্রগতি ও সাফল্য দেখে সন্তোষ প্রকাশ করেন এবং কৃষিক্ষেত্রে দক্ষিণ ও দক্ষিণ-পূর্ব এশিয়ার দেশগুলোর মধ্যে সহযোগিতা বৃদ্ধির উপর গুরুত্বারোপ করেন।

